

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৮৩

১/ বিবিধ

আরবী

إن الله يحب كل قلب حزين
ضعيف

رواه ابن أبي الدنيا في " كتاب الهم والحزن " (ورقة 2 وجه 1 من مخطوطة الظاهرية 76 مجموع) وابن عدي (2 / 37) والقضاعي (2 / 89) وابن عساكر (2 / 205 / 13) من طريق أبي بكر بن أبي مريم عن ضمرة بن حبيب عن أبي الدرداء مرفوعا، ومن هذا الوجه أخرجه أبو محمد المخلدي في " الفوائد " (2 / 303) والحاكم (4 / 415) وأبو نعيم (6 / 90) من طريق الطبراني وقال الحاكم: صحيح الإسناد، ورده الذهبي بقوله: قلت: مع ضعف أبي بكر، منقطع. يعني بالانقطاع ما بين ضمرة وأبي الدرداء فإن بين وفاتيهما نحو مئة سنة

وأبو بكر بن أبي مريم ضعيف جدا، ومن هذا تعلم أن قول الهيثمي في " المجمع " (10 / 309 / 310) : رواه البزار والطبراني وإسنادهما حسن غير حسن، لأن مداره عند الطبراني على أبي بكر هذا كما عرفت، وكذلك عند البزار فيما يظهر، وإلا لفرق الهيثمي بين إسناديهما كما هي عادته، وقد ضعف أبا بكر هذا الهيثمي نفسه في حديث آخر تقدم قريبا (480)

ورواه المعافى بن عمران في " الزهد " (2 / 258) عن إسماعيل بن عياش عن إسماعيل بن رافع وغيره أنه مكتوب في التوراة أو النبي صلى الله عليه وسلم قال: فذكره، وهذا مع التردد في رفعه معضل ضعيف جدا، ثم تبين من كشف الأستار (4)

3624 / 240) أن البزار رواه من طريق عبد الله بن صالح حدثني معاوية بن صالح
عن ضمرة بن حبيب به، فليس فيه إلا الانقطاع، لكن ابن صالح فيه ضعف

বাংলা

৪৮৩। নিশ্চয় আল্লাহ প্রত্যেক চিন্তিত হৃদয়কে ভালবাসেন।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু আবিদ-দুনিয়া “কিতাবুল হাম্মে ওয়াল হুযনে” গ্রন্থে, ইবনু আদী (২/৩৭), কাযাঈ (২/৮৯) এবং ইবনু আসাকির (১৩/২০৫/২) আবু বাকর ইবনু আবী মারইয়াম সূত্রে যামারা ইবনু হাবীব হতে ... আবুদ দারাদা হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। এ মাধ্যমেই আবু মুহাম্মাদ মাখলাদী “আল-ফাওয়াইদ” গ্রন্থে (২/৩০৩), হাকিম (৪/৩১৫) ও আবু নুয়াইম (৬/৯০) তাবারানীর সূত্র হতে বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ সনদটি সহীহ। যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ আবু বাকর দুর্বল হওয়া সত্ত্বেও সনদটি মনুকাতি’। অর্থাৎ যামারা এবং আবুদ-দারাদা (রাঃ)-এর মাঝে বিচ্ছিন্নতা রয়েছে। কারণ তাদের উভয়ের মৃত্যুর মাঝে একশত বছরের ব্যবধান। এছাড়া আবু বাকর ইবনু আবী মারইয়াম নিতান্তই দুর্বল। এ থেকেই বুঝা যাচ্ছে যে, "আল-মাজমা" গ্রন্থে হায়সামীর উক্তি (১০/৩০৯-৩১০) 'হাদীসটি বাযযার এবং তাবারানী বর্ণনা করেছেন এবং তাদের সনদ হাসান। এরূপ বলাটা সুন্দর হয়নি। কারণ তাবারানীর নিকট হাদীসটির কেন্দ্রবিন্দু হচ্ছেন এ আবু বাকর। যার সম্পর্কে অবহিত হলেন এবং বাযযারের নিকটেও সেই একই ব্যক্তি।

হায়সামী নিজে অন্য হাদীসে তাকে দুর্বল বলেছেন, যেমনটি ৪৮০ নং হাদীসে গেছে।

হাদীসটি মা'যাফী ইবনু ইমরান “আয-যুহুদ” গ্রন্থে (২/২৫৮) ইসমাঈল ইবনু আইয়াশ হতে ... বর্ণনা করেছেন। এ সনদটি মুযাল, নিতান্তই দুর্বল।

অতঃপর “কাশফুল আসতার” গ্রন্থে (৪/২৪০/৩৬২৪) স্পষ্ট হয়েছে, হাদীসটি বাযযার আব্দুল্লাহ ইবনু সালাহ সূত্রে মুয়াবিয়া ইবনু সালাহ হতে ... বর্ণনা করেছেন। এ সনদেও বিচ্ছিন্নতা রয়েছে এবং ইবনু সালাহের মধ্যে দুর্বলতা রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68068>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন